



নটর ডেম কলেজ, ঢাকা

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি (সংশোধিত)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা, নটর ডেম কলেজকে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে কলেজের নিজস্ব প্রক্রিয়ায় ভর্তি গ্রহণের জন্য অনুমতি প্রদান করেছে।

- ১। নটর ডেম কলেজ নিজস্ব অনলাইনে ভর্তির আবেদন গ্রহণ করবে।
- ২। **ভর্তির আবেদন ফরম পূরণ** :ভর্তি হতে আগ্রহী প্রার্থীদের ২৫শে মে দিবাগত রাত ১২:০১ মিনিট হতে ৩০শে মে বিকাল ৫:০০টা পর্যন্ত সরাসরি নটর ডেম কলেজের নিজস্ব ওয়েবসাইট ndc.edu.bd থেকে অনলাইনে আবেদন করতে বলা হচ্ছে। আবেদনের পর প্রবেশপত্রের প্রিন্ট আউট কপি সংগ্রহ করতে হবে। ভর্তির আবেদন করার নিয়মাবলি কলেজের ওয়েবসাইটে দেওয়া আছে। অনলাইনে আবেদন করার সময় ভর্তি পরীক্ষার খরচ বাবদ অফেরতযোগ্য ৪০০/-bKash এর মাধ্যমে পাঠাতে হবে। পুনঃনিরীক্ষণের মাধ্যমে ফল পরিবর্তন হয়ে ভর্তির আবেদনের ন্যূনতম যোগ্যতা অর্জন করলে পুনঃনিরীক্ষণের ফল প্রকাশের দু'দিনের মধ্যে কলেজ অফিসে সরাসরি যোগাযোগ করতে হবে। ভর্তির ক্ষেত্রে ক্ষুদ্র নৃগোষ্ঠী ও মিশনারি কর্তৃক পরিচালিত প্রত্যন্ত এলাকার স্কুল বিবেচনায় আনা হবে। হেল্প লাইন নম্বর : ০১৯৩৩৩২২৫৩০, ০১৯৩৩৩২২৫৩১, ০১৯৩৩৩২২৫৩২, ০১৯৬৭৬০৭৭৭৭, ০১৮৪৭৬০১৬০০ (সকাল ৮:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত)।
- ৩। **ভর্তির আবেদনের ন্যূনতম যোগ্যতা** :বিজ্ঞান বিভাগ-বাংলা মাধ্যম ও ইংরেজি ভার্সন (উচ্চতর গণিতসহ) **GPA-5.00**, মানবিক বিভাগ**GPA-3.00** এবং ব্যবসায় শিক্ষা বিভাগ**GPA- 4.00**। এসএসসিতে বাংলা মাধ্যমের শিক্ষার্থীরা ইংরেজি ভার্সনের জন্য আবেদন করতে পারবে না। 'O' Level-এর শিক্ষার্থীদের আবেদন গ্রহণ করা হয় না।
- ৪। **বিভাগ পরিবর্তনের ক্ষেত্রে** :বিজ্ঞান বিভাগ থেকে ব্যবসায় শিক্ষা বিভাগে **GPA-4.50**, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে মানবিক বিভাগে **GPA-3.50**।
- ৫। **আসন সংখ্যা** :বিজ্ঞান বিভাগ-বাংলা মাধ্যম-১৮১০, ইংরেজি ভার্সন-৩১০, মানবিকবিভাগ-৪১০ এবং ব্যবসায় শিক্ষা বিভাগ-৭৬০।
- ৬। **ভর্তি পরীক্ষা ও ভর্তির চূড়ান্ত মনোনয়ন** : আবেদনকারী সকল প্রার্থীকে ভর্তির লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষার তারিখ ও সময় স্বয়ংক্রিয়ভাবে প্রবেশপত্রে পাওয়া যাবে। এসএসসিতে প্রাপ্ত জিপিএ ও কলেজে লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেধাক্রমানুসারে চূড়ান্তভাবে ভর্তির জন্য মনোনীত করা হবে। চূড়ান্তভাবে ভর্তির জন্য মনোনীত প্রার্থীদের তালিকা ও ভর্তির তারিখ ও সময় কলেজ ওয়েবসাইট (ndc.edu.bd), ফেসবুক (**NDC Learning**) ও কলেজ নোটিশ বোর্ডে দেওয়া হবে।
- ৭। **ভর্তি পরীক্ষার বিষয়সমূহ** : ২০২৪ খ্রিষ্টাব্দের এসএসসি সিলেবাস অনুযায়ী লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। যারা বিজ্ঞান শাখা থেকে মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তির আবেদন করেছে তাদেরকে বিজ্ঞান শাখার প্রশ্নে এবং যারা ব্যবসায় শিক্ষা শাখা থেকে মানবিক শাখায় ভর্তির আবেদন করেছে তাদেরকে ব্যবসায় শিক্ষা শাখার প্রশ্নে পরীক্ষা দিতে হবে।
 - বিজ্ঞান বিভাগে পরীক্ষার বিষয় : বাংলা, ইংরেজি, উচ্চতর গণিত, পদার্থবিজ্ঞান, রসায়ন ও জীববিজ্ঞান।
 - মানবিক বিভাগে পরীক্ষার বিষয় : বাংলা, ইংরেজি, আইসিটি ও সাধারণ জ্ঞান।
 - ব্যবসায় শিক্ষা বিভাগে পরীক্ষার বিষয় : বাংলা, ইংরেজি, হিসাববিজ্ঞান, আইসিটি ও সাধারণ জ্ঞান।
- ৮। **পরীক্ষাসংক্রান্ত তথ্য** : পরীক্ষাসংক্রান্ত বিস্তারিত তথ্য ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে পাওয়া যাবে।
- ৯। ভুল/অসত্য তথ্য প্রদান করে ভর্তি হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে এবং ভর্তির টাকা ফেরত দেওয়া হবে না।
- ১০। নটর ডেম কলেজ একটি রাজনীতিমুক্ত শিক্ষাপ্রতিষ্ঠান। তাই কলেজ ক্যাম্পাসে ও কলেজ ক্যাম্পাসের বাইরে (কলেজের ইউনিফর্ম পরিধান করে) কোনো মিটিং, মিছিল ও সমাবেশ করা যায় না এবং কলেজ ক্যাম্পাসে মাল্টিমিডিয়ায়ুক্ত মোবাইল ফোন ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ।

বি. দ্র. :যে সকল ছাত্র কলেজ কর্তৃক নির্ধারিত 'ইউনিফর্ম' পরিধান, কলেজ আইডি কার্ড ব্যবহার ও নিয়মিত ক্লাস করতে চায় না এবং যারা ধূমপান করে তাদের আবেদন করার প্রয়োজন নেই।

R. Rana, cu
অধ্যক্ষ